দৈনিক
ইত্তেফাক

তারিখ ..10 .OCT..2016. ...
পৃষ্ঠা ...০৭... কলাম...৫......



রাঙ্গামাটি : জুরাছড়ি উপজেলায় ইউএনডিপি-সিএইচটিডিএফের বিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা এভাবেই স্কুলে যাতায়াত করে —ইত্তেফাক

# বিদ্যালয় জাতীয়করণ না হওয়ায় হতাশ শিক্ষকরা

■ রাঙ্গামাটি প্রতিনিধি

রাঙ্গামাটির জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ইউনিয়নের ছোট করইদিয়া বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেসি চাকমা। ইউএনডিপি-সিএইচটিডিএফ ও আরএইচডিসি এবং এলাকাবাসীর উদ্যোগে ২০১০ সালে বিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে বিনা বেতনে পাঠদান করে আসছেন। আশা একটাই বিদ্যালয় জাতীয়করণ হলে এক সময় দুঃখ ঘুচে যাবে। কিন্তু বিদ্যালয়গুলো জাতীয়করণের উদ্যোগ বা অগ্রগতি না হওয়ায় হতাশা দেখা দিয়েছে শিক্ষকদের মাঝে।

বিদ্যালয়ের শিক্ষক জয়ন্ত তঞ্চঙ্গ্যা বলেন, মা-বাবা, স্ত্রী ও দুই সন্তান নিয়ে সংসার। আয় বলতে টিউশনির সামান্য টাকা আর জুম চাষ। প্রায় সময় ধার করতে হয়। ইতোমধ্যে অনেক টাকা ঋণ হয়ে গেছে। মুদির দোকানে বাকি পড়েছে। দোকানিও আর পণ্য দিতে চান না। এই কষ্টের দিন কবে যে শেষ হবে বুঝতে পারছি না। তার মতো অবস্থা উপজেলার ইউএনডিপি-সিএইচটিডিএফ ও আরএইচডিসি এবং এলাকাবাসীর উদ্যোগে প্রতিষ্ঠিত ২৫টি বেসরকারি বিদ্যালয়ের ১'শ জন শিক্ষকের। সম্প্রতি জুরাছড়ি বিশ্রামাগারে ইউএনডিপি-সিএইচটিডিএফ ও আরএইচডিসি এবং এলাকাবাসী প্রতিষ্ঠিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সমিতির উদ্যোগে রাঙ্গামাটি সংসদ সদস্য ঊষাতন তালুকদার এমপি ও স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় এমন হতাশাব্যঞ্জক অভিমত প্রকাশ করেন শিক্ষকরা।